মেহেরপুরে ৫ম ডিজিটাল বাংলাদেশ দিবস উপলক্ষে আলোচনা সভা ও পুরস্কার বিতরণ

পুস্পমাল্য অর্পণ, আলোচনা সভা ও পুরস্কার বিতরণের মধ্য দিয়ে মেহেরপুর জেলা প্রশাসনের উদ্যোগে ৫ম ডিজিটাল বাংলাদেশ দিবস পালন করা হয়েছে।

রবিবার দুপুরের দিকে মেহেরপুর জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে এ আলোচনা সভা অনুষ্ঠিত হয়। জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খানের সভাপতিত্বে ‘ডিজিটাল বাংলাদেশের অর্জন উপকৃত সকল জনগণ’ শীর্ষক আলোচনা সভায় বক্তব্য রাখেন অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট নাজমুল হুদা, মেহেরপুর সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা আসাদুজ্জামান রিপন, সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট নাহিদ হোসেন, জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও গাংনী উপজেলা পরিষদের চেয়ারম্যান এম এ খালেক প্রমুখ।

অলোচনা পরবর্তীতে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পণ ও বিভিন্ন প্রতিযোগিতার পুরস্কার বিতরণ করা হয়।

গাংনীতে ডিজিটাল বাংলাদেশ দিবসে আলোচনা সভা

মেহেরপুরের গাংনীতে ডিজিটাল বাংলাদেশ দিবস উপলক্ষে আলোচনাসভা করেছে গাংনী উপজেলা প্রশাসন। আজ রবিবার দুপুরে গাংনী উপজেলা সম্মেলন কক্ষে এ সভা অনুষ্ঠিত হয়। উপজেলা নির্বাহী অফিসার মৌসুমী খানমের সভাপতিত্বে অনুষ্ঠানে বক্তব্য রাখেন পৌর মেয়র আহম্মেদ আলী, উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান ফারহানা ইয়াসমীন ও শিক্ষক প্রতিনিধি মনিরুজামান মনি। বক্তারা ডিজিটাল বাংলাদেশের

নানা মূখি সুযোগ সুবিধার কথা তুলে ধরেন। অনুষ্ঠানে বিভিন্ন সরকারী দপ্তরের কর্মকর্তা ও বিভিন্ন বিদ্যালয়ের ছাত্রছাত্রী বৃন্দ উপস্থিত ছিলেন।

মেহেরপুরে শিক্ষার্থীদের করোনার টিকা দান শুরু

করোনাভাইরাস প্রতিরোধে শুরু হয়েছে স্কুল পড়ুয়া ১২-১৭ বছর বয়সী শিক্ষার্থীদের কোভিট টিকা দান কর্মসূচী। গতকাল শনিবার মেহেরপুর সরকারি কলেজের একাডেমী ভবনে কোভিট টিকা প্রদান কর্মসূচী শুরু হয়েছে।
জানা গেছে প্রথম দিন সদর উপজেলার ১২ টি বিদ্যালয়ের ২ হাজার ছাত্র ছাত্রীকে এ টিকা প্রদান করা হবে । এর মধ্যে প্রথম দিন ১ হাজার ৭শ শিক্ষার্থীকে করোনা ভাইরাস প্রতিরোধক প্রথম ডোজের টিকা দেওয়া হয়। তবে প্রথম দিনেই টিকা কেন্দ্রে ছিল শিক্ষার্থীদের উপচে পড়া ভীড়। টিকা নিতে কয়েক ঘন্টা দাঁড়িয়ে থাকতে দেখা গেছে শিক্ষার্থীদের। তবে স্বাস্থ্যবিধি উপেক্ষিত হয়েছে বলে অভিযোগ অনেক শিক্ষার্থীর। টিকা নিতে আসা শিক্ষার্থী শাকিল আহমেদ বলেন, সকালে এখানে এসেছি। এখানে ছেলে মেয়ে উভয়ের স্বাস্থ্যবিধি মানার ক্ষেত্রে কারও তেমন আগ্রহ নেই। লাইনে একে অপরের গা ঘেঁষে রয়েছে। অনেকের মুখে মাস্ক নেই।
কয়েকজন পুলিশ সদস্য ছাড়া কোন সেচ্ছাসেবক লক্ষ্য করা যায়নি। টিকা দিতে দোতালায় উঠার সময় ছেলে মেয়ে এক সাথে ঠাসা ঠাসি করে উঠতে হচ্ছে।
সরজমিনে গিয়ে দেখা মেহেরপুর সরকারি কলেজের ৩ টি বুথে ২ হাজার শিক্ষার্থীদের টিকা দান কর্মসূচী চলছে। তবে
মেহেরপুর সদর উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাঃ অলোক কুমার দাস বলেন, শিক্ষার্থীদের টিকা দেওয়ার ক্ষেত্রে ব্যাপক সাড়া পাওয়া গেছে। এখন থেকে প্রতিদিন গড়ে ২ হাজার শিক্ষার্থীকে টিকা দেয়া হবে জানান তিনি।

মেহেরপুরে সুর সাধনার বর্ষপূর্তি উপলক্ষে সাংস্কৃতিক সন্ধ্যা আয়োজিত

মেহেরপুরে সুর সাধনার প্রথম বর্ষপূর্তি উপলক্ষে সাংস্কৃতিক সন্ধ্যা আয়োজিত হয়েছে। শনিবার সন্ধ্যা ৭ টার সময় মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমীর মিলনায়তনে এই সাংস্কৃতিক সন্ধ্যা ও আলোচনা সভা আয়োজন করা হয়।

সুর সাধনা সাংস্কৃতিক সংগঠনের সভাপতি এবং সরকারী মহিলা কলেজ অধ্যক্ষ রফিকুল ইসলামের সভাপতিত্বে, সাংবাদিক ও গবেষক মোঃ আতাউর রহমানের সঞ্চলনায়, প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন,মেহেরপুর জেলা বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষণা পরিষদের সভাপতি প্রফেসর হাসানুজ্জামান মালেক,পিপি পল্লব ভট্টাচার্য, মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমির সাধারণ সম্পাদক সাইদুর রহমান, অধ্যাপক মোঃ নুরুল আহমেদ সহ অনেকই।

সুর সাধনা সাংস্কৃতিক সংগঠনের শিল্পী সদস্য, ফিরোজ আহমেদ, মোছাঃ সন্ধ্যা, হাবিবা পারভীন রনি সহ অন্যান্য শিল্পীরা গান প্রিয় দর্শকদের মাঝে একে একে ঐতিহ্যবাহী গান পরিবেশন করে তাদের মুগ্ধ করে তোলে।

মোনাখালী মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মিনারুল ইসলাম

আর নেই

দীর্ঘ এক বছরেরও অধিক সময় ধরে মারণব্যাধী ক্যান্সারের সাথে লড়াই করে অবশেষে হেরে গেলেন মোনাখালী মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মিনারুল ইসলাম (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাহি রাজিউন)। শনিবার বিকেল ৩ টায় গেদে চেকপোস্টে তিনি মৃত্যু বরন করন। মিনারুল ইসলাম মোনাখালী গ্রামের মোঃ জাফর আলির বড় ছেলে।

ক্যান্সার আক্রান্ত হয়ে তিনি প্রায় এক বছর ধরে চিকিৎসা নিচ্ছিলেন ঢাকার আহসানিয়া মিশন ক্যান্সার এন্ড জেনারেল হাসপাতালে। গত কয়েক মাস যাবত শারীরিক অবস্থার অবনতি ঘটলে গত ১০ই ডিসেম্বর তারিখে কলকাতার ঠাকুরপুকুর ক্যান্সার হাসপাতালে চিকিৎসার জন্য নেওয়া হলে সেখানকার কর্তব্যরত বিশেষজ্ঞ চিকিৎসকেরা চিকিৎসার সফলতার আশা না দেখে রোগী যত দ্রুত সম্ভব বাড়ি ফিরিয়ে নিয়ে যাওয়ার পরামর্শ দেন।

মাত্র এক দিনের ব্যবধানে শনিবার বিকেল ৩ টায় গেদে চেকপোস্টের সন্নিকটে পৌঁছাতেই তিনি মৃত্যু বরন করন। তিনি স্ত্রী ও এক পুত্র সন্তানসহ অসংখ্য গুণাগ্রাহী রেখে গেছে। শেষ খবর পাওয়া পর্যন্ত মিনারুল ইসলামের দেহ দেশে নেওয়ার জন্য আইনি প্রক্রিয়াগুলো সমাধা করার চেষ্টা চলছিল। সব কিছু ঠিক থাকলে আজ লাশ দেশে পৌঁছাতে পারে।

মিনারুল ইসলামের মৃত্যুতে শোকে স্তব্ধ হয়ে যায় তার সহকর্মী শিক্ষার্থীসহ সকলেই। জানা যায় মিনারুল ইসলাম মোনাখালী মাধ্যমিক বিদ্যালয়ের প্রতিষ্ঠাকালিন প্রধান শিক্ষক। বিদ্যালয়টি প্রতিষ্ঠার ক্ষেত্রে তার মেধা, শ্রম, আত্মনিবেদন তাকে চিরঞ্জিব করে রাখবে। তার মৃত্যুতে শিক্ষক পরিবারসহ বিভিন্ন মহল শোকসন্তপ্ত পরিবারের প্রতি শোক ও সমবেদনা জানিয়েছে।

মেহেরপুর সরকারি কলেজ এর

অধ্যক্ষ প্রফেসর শফিউল ইসলাম সরদার কে সম্বর্ধনা

মেহেরপুর সরকারি কলেজ এর অধ্যক্ষ প্রফেসর শফিউল ইসলাম সরদার জাতীয় বিশ্ববিদ্যালয়ের সিনেট সদস্য মনোনীত হওয়ায় কলেজ শিক্ষক পরিষদের পক্ষ থেকে সম্বর্ধনা প্রদান করা হয়েছে ।

শনিবার সকালে সরকারি কলেজ মিলনায়তনে এই সম্বর্ধনা অনুষ্ঠানের আয়োজন করা হয়। ইংরেজি বিভাগের সহযোগী অধ্যাপক

খুরশিদ আলমের সভাপতিত্বে অনুষ্ঠিত সম্বর্ধনা অনুষ্ঠানে বক্তব্য রাখেন সদ্য যোগদানকৃত উপাধ্যক্ষ প্রফেসর আবদুর রাজ্জাক, সহযোগী অধ্যাপক আবদুল্লাহ আল আমিন ধূমকেতু, গাজী নজরুল ইসলাম, সম্পাদক কাবিল উদ্দিন, ফুয়াদ খান। শিক্ষক পরিষদের পক্ষ থেকে অধ্যক্ষের হাতে ক্রেস্ট তুলে দেয়া হয়।

গাংনীর রায়পুর ইউনিয়ন পরিষদের নবনির্বাচিত চেয়ারম্যান ও মেম্বারদের গণসংবর্ধনা

মেহেরপুরের গাংনী উপজেলার রায়পুর ইউনিয়ন পরিষদের নব-নির্বাচিত চেয়ারম্যান ও মেম্বরদের গণসংবর্ধনা দিয়েছে এলাকাবাসী। শুক্রবার বিকেল ৩টার দিকে ইউনিয়নের এলাঙ্গী সরকারী প্রাথমিক বিদ্যালয় চত্বরে এ গণসংবর্ধনা দেয়া হয়।

রায়পুর ইউনিয়ন পরিষদের ৬ নং ওয়ার্ডের নব-নির্বাচিত সদস্য শামীম রেজা’র সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে বক্তব্য রাখেন গাংনী পৌরসভার একাধিক বারের নির্বাচিত মেয়র ও আওয়ামী লীগ নেতা আহম্মেদ আলী।

আওয়ামী লীগ নেতা আজিজুল হকের সঞ্চালনায় বিশেষ অতিথি হিসাবে

বক্তব্য রাখেন রায়পুর ইউনিয়নের একাধিক বারের নির্বাচিত চেয়ারম্যান গোলাম সাকলায়েন ছেপু, রায়পুর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি শামসুজ্জামান মঙ্গল ও এলাঙ্গী পুলিশ ক্যাম্প ইনচার্জ হেকমত আলী।
অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন রায়পুর ইউনিয়ন পরিষদের ৩ নং ওয়ার্ডের মেম্বর বকুল হোসেন, ১ নং ওয়ার্ডের নব-নির্বাচিত মেম্বর আতিয়ার রহমান আজাদ, সংরক্ষিত মহিলা সদস্য সাহারন নেছা প্রমুখ।

এসময় গাংনী উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যান এডভোকেট রাশেদুল হক জুয়েল, গাংনী পৌরসভার প্যানেল মেয়র ঝর্ণা বেগম, ছাত্রলীগ নেতা জুবায়ের হোসেন উজ্জল, স্থানীয় আওয়ামী লীগ ও অঙ্গসংগঠনের নেতাকর্মীসহ এলাকার বিভিন্ন শ্রেণী-পেশার মানুষ উপস্থিত ছিলেন।

গাংনীতে ইয়াবাসহ ২ মাদক ব্যবসায়ী আটক

মেহেরপুরের গাংনীতে অভিযান চালিয়ে ৬০ পিস ইয়াবাসহ মোঃ আলফাজ আলী
(৪০) ও মোঃ ইমরান হোসেন (২২) ইমরান নামের দুই মাদক ব্যবসায়ীকে আটক করেছে মেহেরপুর জেলা গোয়েন্দা (ডিবি) পুলিশের একটি দল।

শুক্রবার বিকেল ৫টার দিকে মেহেরপুরের গাংনী উপজেলার কাজীপুর আলম বাজার এলাকা থেকে তাদেরকে আটক করা হয়।

আলফাজ আলী গাংনী উপজেলার কাজীপুর মধ্যপাড়ার মোঃ সেন্টু আলীর ছেলে এবং ইমরান হোসেন একই এলাকার মোঃ আছিম উদ্দিনের ছেলে।

জানা গেছে গোপন সূত্রে খবর পেয়ে মেহেরপুর ডিবি পুলিশের এসআই অজয় কুমার কুন্ডুর নেতৃত্বে এসআই বিশ্বজিৎ সরকার সহ সঙ্গীয় ফোর্স নিয়ে কাজীপুর আলম বাজার এলাকায় অভিযান চালায়।

এ সময় আলফাজ আলী ও ইমরান হোসেন কে আটক করার পর তার কাছ থেকে ৬০ পিস ইয়াবাসহ তাদের আটক করে। এ ঘটনায় গাংনী থানায় একটি নিয়মিত মামলা দায়ের করা হয়েছে।

১নং আসামী আলফাজের বিরুদ্ধে ৮টি এবং ইমরানের বিরুদ্ধে আরও ২টি মামলা আদালতে বিচারাধীন আছে।

ঝিনাইদহে আন্তর্জাতিক ও জাতীয় মানবাধিকার দিবস উদযাপন

‘সমতা ও বৈষম্যহীনতা মানবাধিকার অগ্রগতির মুলমন্ত্র’ এ শ্লোগানকে ঝিনাইদহে জাতীয় ও আন্তর্জাতিক মানবাধিকার দিবস পালিত হয়েছে। জেলা মানবাধিকার বাস্তবায়ন সংস্থার আয়োজনে এ উপলক্ষে শুক্রবার সকালে শহরের পুরাতন ডিসি কোর্ট চত্বর থেকে একটি র্যালী বের করা হয়।

র্যালীটি শহরের বিভিন্ন সড়ক ঘুরে পায়রা চত্বরে গিয়ে শেষ হয়। পরে সেখানে মানববন্ধন কর্মসূচী পালন করা হয়। এতে ব্যানার ফেস্টুন নিয়ে জেলার বিভিন্ন মানবাধিকার সংগঠনের সদস্যরা অংশ নেয়।

সেসময় জেলা মানবাধিকার ফোরামের সভাপতি আমিনুর রহমান টুকু, সাধারণ সম্পাদক শরিফা খাতুন মানবাধিকার কর্মী এন এম শাহজালাল সুব্রত মল্লিকসহ অন্যান্যরা বক্তব্য রাখেন। বক্তারা, নারী-পুরুষ, শিশুসহ সকলের মানবাধিকার রক্ষায় সরকারের পাশাপাশি সর্বস্তরের মানুষকে একসাথে কাজ করার আহ্বান জানান।

মেহেরপুর পৌর ইমাম সমিতির নতুন কমিটি গঠণ

হোটেল বাজার জামে মসজিদের ইমাম হাফেজ মাওঃ মোঃ রোকনুজ্জামা কে সভাপতি ও হাইস্কুল মসজিদের ইমাম মাও শাহজালালকে সাধারণ সম্পাদক করে ২৫ সদস্য বিশিষ্ট পৌর ইমাম সমিতির কমিটি গঠন করা হয়।

গতকাল বৃহস্পতিবার রাতে পৌর ইমাম সমিতির এক সভা শেষে নতুন কমিটি গঠন করা হয়।
কমিটির অন্য সদস্যরা হলেন সহ-সভাপতি মাওঃ শরীফুদ্দিন, মাওঃ সানাওয়ার হোসেন, মাওঃ সিরাজুদ্দীন, মাওঃ ইয়ারুল ইসলাম, যুগ্ম সাধারণ সম্পাদক-মাওঃ জাহিদ হাসান, সাংগঠনিক সম্পাদক হাফেজ মাওঃ জাবেরুল ইসলাম, সহ-সাংগঠনিক সম্পাদক হাফেজ আব্বাস আলী, অর্থ সম্পাদক মাওঃ আনিসুর রহমান, দপ্তর সম্পাদক হাফেজ জামাল উদ্দীন, সহ-দপ্তর সম্পাদক হাফেজ ইদ্রিস, প্রচার সম্পাদক হাফেজ বোরহান উদ্দিন, শিক্ষা ও সাহিত্য বিষয়ক সম্পাদক মাওঃ সামছুর রহমান টুটুল, সমাজ কল্যাণ সম্পাদক মাওঃ সাব্বির আহমেদ, সদস্য মাওঃ সাহজাহান আলী (পৌর ঈদগাহ), মাওঃ তরিকুল ইসলাম, হাফেজ সাইফুল ইসলাম, মাওঃ শাহজাহান কবির, মাওঃ জোবায়ের হাসান (কোর্ট মসজিদ)।

কমিটিতে -মাওঃ আবুল কালাম কাসেমী, মাওঃ আবদুল হান্নান, মাওঃ মোঃ সিদ্দিকুর রহমান, মাওঃ আব্দুল ওয়াহাব, মুফতী হাফিজুর রহমানকে উপদেষ্টা সদস্য করা হয়েছে।